

স্মারক নং: ৪৬.০৪৯.০১৪.০২.০০.০৪৬.২০১৪(অংশ-১)/ - ৪৫৩

তারিখ: ২৩/০৩/২০১৪

বিষয়: জেলা পরিষদ, কুষ্টিয়া কার্যালয়ের ২০০০-২০০১ অর্থ-বছরের অডিট আপত্তির জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (ক) জেলা পরিষদ, কুষ্টিয়া স্মারক নং-৪৯, তারিখ-০৬/০৩/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ, কুষ্টিয়া কার্যালয়ের ২০০০-২০০১ অর্থ-বছরের অডিট আপত্তির অগ্রিম অনুচ্ছেদ ৫ এর জবাব প্রেরণ করা হয়। প্রাপ্ত জবাব পর্যালোচনান্তে দেখা যায় যে, আপত্তিকৃত সরকারি কোষাগারে জমা করা হয়নি।

এমতাবস্থায়, জেলা পরিষদ, কুষ্টিয়া কার্যালয়ের ২০০০-২০০১ অর্থ বছরের অডিট আপত্তির সমুদয় অর্থ আদায়পূর্বক সংশ্লিষ্ট তহবিলে জমা করে জমার সমর্থনে যথাযথ প্রমাণকসহ ২(দুই) সেট নিষ্পত্তিমূলক জবাব নির্ধারিত "ছক"ও নির্দেশনা মোতাবেক আগামী ১০ (দশ) কার্য দিবসের মধ্যে বিশেষ বাহক মারফত স্থানীয় সরকার বিভাগে পুনরায় প্রেরণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুষ্টিয়াকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

অডিট আপত্তি দ্রুত ও কার্যকরভাবে নিষ্পত্তিকল্পে বিষয়টি অতি জরুরী হিসেবে বিবেচ্য।

ছক

আপত্তির সন ও অনুঃ নং	অডিট আপত্তির শিরোনাম ও আপত্তির বিস্তারিত বিবরণ	স্থানীয় অফিসের জবাব	নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/মন্ত্রণালয়ের মন্তব্য
১	২	৩	৪

সংযুক্ত: বর্ণনামতে।

অনুসরণীয় নির্দেশনা

- শুধুমাত্র অগ্রিম অনুচ্ছেদসমূহের জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- আপত্তিকৃত অর্থ যথাযথ খাতে জমাপূর্বক প্রমাণকসহ পৃথক, পৃথক ভাবে ২(দুই) সেট জবাব দাখিল করতে হবে;
- স্থানীয় অফিসের জবাবের মধ্যে চালান নং, তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ করতে হবে;
- চালানের মাধ্যমে টাকা জমার স্বপক্ষে নামাংকিত সীলসহ সিটিআর/আইবাস কপি দাখিল করতে হবে;
- প্রতি পাতায় একটি করে জবাব এবং জবাবের সাথেই প্রমাণক সংযুক্ত করতে হবে;
- সকল প্রমাণক সত্যায়িত করে প্রেরণ করতে হবে;
- সকল স্বাক্ষরের নীচে নামাংকিত সিল ব্যবহার করতে হবে; এবং
- টাকার অংক উল্লেখপূর্বক আপত্তির শিরোনাম ও বিস্তারিত বিবরণ উল্লেখ করতে হবে।
- ৪ নং কলাম সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক পূরণযোগ্য নয়।

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, কুষ্টিয়া।

(মোঃ এরশাদুল হক)  
উপসচিব  
ফোন-৯৫৪০৩২৬।

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে:

- অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
- যুগ্ম সচিব (অডিট/প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
- মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
- সংরক্ষণ নথি।